



বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

BANGLADESH WATER DEVELOPMENT BOARD

পরিচালকের কার্যালয়
কম্পাউন্ড এন্ড প্রকিউরমেন্ট সেল
ওয়্যাপদা ভবন(নবম তলা)
মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
ফোনঃ ৫৭১৬৪৩৪৭

ই-মেইল: dir.cpc@bwdb.gov.bd



www.bwdb.gov.bd

Office of the Director
Contract and Procurement Cell
WAPDA Bhaban (8th floor)
Motijheel C/A, Dhaka-1000
Phone: 57164347
email: dir.cpc@bwdb.gov.bd

স্মারক নং- ৪২.০১.০০০০.০০৫.২২.০০১.১৯-৭২

তারিখ: ২২-০৩-২০২০ খ্রিঃ

পরিপত্র

বিষয়ঃ বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডে ক্রয়কার্যে সীমিত দরপত্র পদ্ধতি (LTM) প্রয়োগ প্রসংগে।

এতদ্বারা বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের ক্রয় কার্যের সাথে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পিপিআর-২০০৮ এর জুন ১০, ২০১৮ তারিখের সংশোধন অনুসারে বিধি ৬৩(১)(ঘ) অনুযায়ী দরপত্র প্রক্রিয়াকরণে আবশ্যিক সময় এবং ব্যয় ক্রয়ের জন্য নির্ধারিত পণ্য বা কার্যের তুলনায় অসমঞ্জস হলে ত্রয়কারী তফসিল-২ এ বর্ণিত মূল্যসীমা সাপেক্ষে (মূল্যসীমা : পণ্য ও সংশ্লিষ্ট সেবা-২৫ লক্ষ টাকা; কার্য ও ভৌত সেবা-৩০০ লক্ষ টাকা), তালিকাভুক্ত সরবরাহকারী বা ঠিকাদারগণের নিকট হতে দরপত্র আহবান করতে পারবে। এছাড়া LTM এ চুক্তি সম্পাদনের সময় ২৮ দিনের স্থলে ১৪দিন করা হয়েছে। এপ্রেক্ষিতে পরিচালন/রাজস্ব বাজেটের আওতায় উল্লিখিত মূল্যসীমার মধ্যের বাধ মেরামত/রিসেকশনিং, খাল খনন/পুন:খনন, কালোনি মেরামত (হাইড্রোলিক স্ট্রাকচার মেরামত ব্যতীত) ইত্যাদি কাজ LTM পদ্ধতিতে সম্পাদনের জন্য নির্দেশনা প্রদান করা হলো।

২। DoFP-2016 এ ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক প্রকিউরমেন্ট প্ল্যান অনুমোদিত হতে হবে।


৩। ই-জিপি সিস্টেমে LTM এ BoQ এ আইটেমের একক দর দশমিকের পর তিন ডিজিট উল্লেখ করতে হয়, সেকারণে দাপ্তরিক প্রাক্কলিত ব্যয় (Official Cost Estimate) প্রত্যুত্তের সময় আইটেমের একক দর(Unit rate) দশমিকের পর তিন ডিজিট নিয়ে করতে হবে। উদাহরণস্বরূপ : সার্কেলের সিডিউলে কোন একটি আইটেমের একক দর ১২.৫০ টাকা আছে, সেটার একক দর ১২.৫০১ টাকা নিয়ে করতে হবে।

৪। ই-জিপি সিস্টেমে Tender Document এর Tender data sheet এ The minimum liquid assets i.e working capital or credit line(s) of the Tenderer shall be Tk.(to be inserted) .. substantiated by immediate past Audit Reports or credit line(s), substantiated by any scheduled Bank of Bangladesh as specified in the format (to be attached in TD), without alteration, issued not earlier than twenty eight (28) days prior to the day of the original deadline for submission of Tenders উল্লেখ করা যুক্তিসঙ্গত হবে।

৫। দরপত্র মূল্যায়ন কমিটি ০৩(তিন) সদস্য বিশিষ্ট হবে যার মধ্যে ০১(এক) জন অন্য ক্রয়কারী (Other PE) হতে নিতে হবে। এ সংক্রান্ত পূর্বে জারীকৃত সার্কুলারের নির্দেশনা বাতিল বলে গণ্য হবে।

৬। উন্নয়ন প্রকল্পের ডিপিপি প্রকিউরমেন্ট প্লানে ক্রয় পদ্ধতি হিসাবে LTM উল্লেখ থাকলে সে অনুযায়ী ক্রয় করা যাবে।

৭। মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের সদয় অনুমোদনক্রমে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।


(মোঃ মনিরুল হোসেন)
পরিচালক

অ.পূ.দ্র:

স্মারক নং- ৪২.০১.০০০০.০০৫.২২.০০১.১৯-৭২

তারিখ: ২২-০৩-২০২০ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। প্রধান প্রকৌশলী/অতিঃপ্রধান প্রকৌশলী/প্রধান..... বাপাউবো,.....।
- ২। পরিচালক/প্রকল্প পরিচালক / তত্ত্বাবধায়ক প্রকৌশলী বাপাউবো,.....।
- ৩। সচিব, বাপাউবো, ঢাকা।
- ৪। সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতিতে আনার অনুরোধসহ)
- ৫। নির্বাহী প্রকৌশলী..... বাপাউবো,.....।
- ৬। সিস্টেম এনালিস্ট, চীফ মনিটরিং এর দপ্তর, বাপাউবো, ঢাকা। (বাপাউবো'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহ)
- ৭। ব্যক্তিগত সহকারী, অতিঃ মহাপরিচালক (.....) বাপাউবো, ঢাকা। (অতিঃ মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতিতে আনার অনুরোধসহ)
- ৮। দপ্তর কপি।



২২/০৩/২০২০

(মোঃ হাফিজুল আলম)

নির্বাহী প্রকৌশলী